গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টংগিবাড়ী,মুন্সীগঞ্জ।
www.tongibari.munshiganj.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৫৯৯৪.০০০.২২.০১৮.২৪-১১৪

তারিখঃ ০৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার ২১/০৯/২০১১খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত নীতিমালা এবং ২১/০২/২০১৮খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০ .০১. ০০.০০১. ২০১৮.৯৩ নং পরিপত্র অনুযায়ী এ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট/বাজার সমূহ ১৪৩১ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক দরপত্র দাতাদের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নলিখিত ক্যালেন্ডার ও শর্তাবলীর ভিত্তিতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্য ও শর্তাবলী www.tongibari.munshiganj .gov.bd ওয়েব সাইটে এবং অফিস চলাকালীন সময়ে এ অফিস থেকে জানা যাবে।

### 'সিডিউল ক্রয় দরপত্র দাখিলের তারিখ এবং হাট-বাজারের তালিকা'

| ১মবার সিডিউল বিক্রির শেষ তারিখ<br>১৩/০৩/২০২৪ | ২য় বার সিডিউল বিক্রির শেষ তারিখ<br>২০ /০৩/২০২৪ | ৩য় বার সিডিউল বিক্রির শেষ তারিখ<br>২৭/০৩/২০২৪ |
|---|---|---|
| ১ম বার দরপত্র দাখিলের তারিখ<br>১৪ /০৩/২০২৩ | ২য় বার দরপত্র দাখিলের তারিখ<br>২১/০৩/২০২৩ | ৩য় বার দরপত্র দাখিলের তারিখ<br>২৮/০৩/২০২৩ |

| ক্রমিক নং | হাট/বাজারের নাম | কাঙ্ক্ষিত মূল্য | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|
| ০১ | টংগিবাড়ী হাট-বাজার | ২০,৬৮,০৬০/- | ৪৮০০/- |
| ০২ | বেতকা হাট-বাজার | ৫০০৮৫০/- | ১৮০০/- |
| ০৩ | পাঁচগাঁও হাট-বাজার | ৬৭২৪০/- | ৫০০/- |
| ০৪ | সুবচনী হাট-বাজার | ২৯৫২১০/- | ১৪০০/- |
| ০৫ | বাঘিয়া হাট-বাজার | ১০১৮১৮/- | ১০০০/- |
| ০৬ | পুরা হাট-বাজার | ২০৩৮০৬/- | ১৪০০/- |
| ০৭ | আলদী হাট-বাজার | ১,৪২০৪০/- | ১০০০/- |
| ০৮ | আড়িয়ল হাট-বাজার | ১০৯২১৭/- | ১০০০/- |
| ০৯ | আব্দুল্লাপুর হাট-বাজার | ৪২৫০৬/- | ৫০০/- |
| ১০ | বালিগাঁও হাট-বাজার | ১২৯২৮০৮/- | ৩২০০/- |
| ১১ | দিঘিরপাড় হাট-বাজার | ১৪৩৯৫৪০১/- | ২৯৫০০/- |
| ১২ | সিদ্ধেশ্বরী হাট-বাজার | ৬১৭৯৮/- | ৫০০/- |

## "শর্তাবলী"

(ক) কোন হাট-বাজারের ১ম বার দরপত্র দাখিলের দিন কাঙ্ক্ষিত দর পাওয়া গেলে পরবর্তীতে ধার্য তারিখে দরপত্র গ্রহণ করা হবে না। তবে ১ম বার ধার্য তারিখে কাঙ্খিত দরপত্র পাওয়া না গেলে পরবর্তী ধার্য তারিখে একই পদ্ধতিতে পুনঃ দরপত্র গ্রহণ ও দরপত্র খোলা হবে। এ জন্য পুনরায় নোটিশ প্রদান করা হবে না। প্রতিবার দরপত্র দাখিলের জন্য পৃথক পৃথক ভাবে সিডিউল ক্রয় করতে হবে।

(খ) দরপত্র ফরম ও শর্তাবলী সম্বলিত বিস্তারিত তথ্য ক্যালেন্ডার অনুযায়ী দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ছাড়াও (১) জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ, (২) সহকারী কমিশনার (ভূমি), টংগিবাড়ী, মুন্সীগঞ্জ, (৩) অফিসার ইন-চার্জ, টংগিবাড়ী থানা, এবং (৪) সোনালী ব্যাংক, টংগিবাড়ী শাখা হতে ক্রয় করা যাবে। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলের জন্য ধার্যকৃত তারিখে কোন দরপত্র বিক্রি করা হবে না।

গ) দরপত্র দাতাকে দরপত্রের সাথে উদ্বৃতদরের ৩০% টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, টংগিবাড়ী এর অনুকূলে দাখিল করতে হবে। তন্মধ্যে ২৫% টাকা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% টাকা জামানত হিসেবে জমা থাকবে যা ইজারা মেয়াদ শেষে ফেরত দেয়া হবে। ইজারাদার নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না রাখলে বা অন্য কোনরূপ ক্ষতিসাধন করলে জামানতের অর্থ হতে ব্যয় মিটানো হবে।

(ঘ) যার দরপত্র গৃহীত হবে তিনি সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ৫% আয়কর অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

(ঙ) দরপত্র দাতাকে নির্ধারিত ট্রেজারী চালানমূলে পরিশোধ করতে হবে। হাট-বাজার অন্যের নিকট সাব লিজ প্রদান বা হস্তান্তর করা যাবে না। ইহার ব্যত্যয় ঘটলে ইজারা চুক্তি বাতিল করে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ইজারাদারকে ইজারা

D:\হাট বাজার 1429-১.docx 2

প্রদানকারী কর্তৃপক্ষের সহিত ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা দলিল সম্পাদন করতে হবে। অন্যথায় হাটের দখল হস্তান্তর করা হবে না।

(চ) দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ, পুলিশ সুপারের কার্যালয়, মুন্সীগঞ্জ ও সহকারী কমিশনার (ভূমি), টংগিবাড়ী এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। দরপত্র বাক্স ঐদিনই বেলা ১.৩০ ঘটিকা উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

(ছ) ইজারাদারকে হাট-বাজারের চৌহদ্দি সংরক্ষণ করতে হবে এবং মহালের অর্ন্তগত কোন জায়গা টোল আদায় ব্যতিত অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না। মহালের বাইরে অবস্থিত কোন দোকান পাট বা এরূপ অন্য কোন প্রতিষ্ঠান হতে টোল দাবী করা যাবে না। হাট-বাজারের পরিস্কার পরিচ্ছন্নতা অবশ্যই বজায় রাখতে হবে।

(জ) ইজারাদার জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ কর্তৃক অনুমোদিত টোলচার্ট অনুযায়ী টোল আদায়ে বাধ্য থাকবেন। বিনা রশিদে টোলা আদায় করা যাবে না। কোনক্রমেই অতিরিক্ত টোল আদায় করা যাবে না। তাছাড়া ইজারাদার নিচ খরচে টোলচার্ট হাট-বাজারের প্রকাশ্য একাধিক স্থানে সাইন বোর্ড আকারে টাংগিয়ে রাখতে হবে।

(ঝ) কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপরে লেখা দরপত্র গ্রহণ করা হবে না।

(ঞ) দরপত্র দাখিল না করে দরপত্র বাক্স খোলার পর অধিক মূল্যে কোন হাট ইজারা গ্রহণের ইচ্ছা ব্যক্ত করে কোন প্রকার দরখাস্ত দাখিল করা হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ট) ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

(ঠ) দুই বা ততোধিক দর দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(ড) হাট-বাজারের টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

(ঢ) উপরে বর্ণিত শতার্বলীতে উল্লেখ্য নেই অথচ আইনসিদ্ধ অথবা সরকার কর্তৃক আরোপযোগ্য যেকোন শর্ত ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

(ণ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন।

১৯.০২.২৪

(মোঃ আসলাম হোসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
☎: ০২-৯৯৭৭৩৩৩০১
unotongibari@mopa.gov.bd

স্মারক নং ০৫.৩০.৫৯৯৪.০০০.২২.০১৮.২০২৪- ১১৪(৩৫)

তারিখঃ ০৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ / ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কাযার্থে প্রেরণ করা হলোঃ-

(ক) জনাব সাগুফতা ইয়াসমিন, মাননীয় সংসদ সদস্য, মুন্সিগঞ্জ-২ ।
(খ) জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
(গ) পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
(ঘ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
(ঙ) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব), মুন্সীগঞ্জ।
(চ) উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান/শ্রীনগর/গজারিয়া/লৌহজং/মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।
(ছ) সহকারী কমিশনার (ভূমি), টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
(জ) চেয়ারম্যান, - . . , ইউনিয়ন পরিষদ (সকল), টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
(ঝ) উপজেলা . . . . . কর্মকর্তা (সকল), টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
(ঞ) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, টংগিবাড়ী শাখা, মুন্সীগঞ্জ।
(ট) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, . . . , ইউনিয়ন ভুমি অফিস (সকল), টংগিবাড়ী, মুন্সীগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি স্ব-স্ব এলাকার হাট-বাজার সমূহে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ দরপত্র দাখিলের পূর্বেই রিটার্ন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
(ঠ) জনাব ---------------------------------------------, পিতা:------------------------------------------------------------
সাং ------------------------------------------------- হাট/বাজারের ১৪৩০ বাংলা সনের ইজারাদার, টংগিবাড়ী।

১৯.০২.২৪

(মোঃ আসলাম হোসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।